

≣ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ৪১

আরবি মূল আয়াত:

وَ استَمِع يَومَ يُنَادِ المُنَادِ مِن مَّكَانٍ قَرِيبٍ ﴿٢٩﴾

মনোনিবেশ কর, যেদিন একজন ঘোষক নিকটবর্তী কোন স্থান থেকে ডাকতে থাকবে। — আল-বায়ান আর শোন, যেদিন এক ঘোষণাকারী (প্রত্যেক ব্যক্তির) নিকটবর্তী স্থান থেকে ডাক দিবে, — তাইসিরুল শোন, যেদিন এক ঘোষণাকারী নিকটবর্তী স্থান হতে আহবান করবে — মুজিবুর রহমান

And listen on the Day when the Caller will call out from a place that is near - Sahih International

৪১. আর মনোনিবেশসহকারে শুনুনু, যেদিন এক ঘোষণাকারী নিকটবর্তী স্থান হতে ডাকবে,

তাফসীরে জাকারিয়া

- (৪১) ধ্যান দিয়ে শুনো,[1] যেদিন এক ঘোষণাকারী[2] নিকটবর্তী স্থান হতে আহবান করবে। [3]
 - [1] অর্থাৎ, অহীর মাধ্যমে কিয়ামতের যেসব অবস্থার কথা বলা হচ্ছে, সেগুলো মন দিয়ে শোনো।
 - [2] এই ঘোষণাকারী ইস্রাফীল ফিরিশতা হবেন অথবা জিবরীল। আর এ আহবান সেই আহবান, যে আহবানে লোকেরা হাশরের মাঠে সমবেত হবে। অর্থাৎ দ্বিতীয় ফুৎকার।
 - [3] এ থেকে কেউ কেউ ميخرة بيت المقدس (বাইতুল মুকাদ্ধাসের পাথর) বুঝিয়েছেন। বলেন যে, এটা আসমানের নিকটতম স্থান। অন্যান্যের নিকটে এর অর্থ হল, প্রত্যেক ব্যক্তি এই শব্দ এমনভাবে শুনবে যে, মনে হবে যেন এ আওয়াজ নিকট থেকেই আসছে। (ফাতহুল ক্লাদীর) আর এ কথাই সঠিক মনে হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4671

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন